

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.২২২

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৫  
০৪ মার্চ ২০১৯

বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৮তম সভার কার্যবিবরণী প্রেরণ।

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসিরুজ্জামান মহোদয়ের সভাপতিত্বে ২৪-০২-২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৮তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ক) ৯৮তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।  
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

(মো: আজিম উদ্দিন)

প্রধান বীজতত্ত্ববিদ

ফোন/ফ্যাক্স : ৯৫৪০২০৮

E-mail: [azimseed@gmail.com](mailto:azimseed@gmail.com)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. অতিরিক্ত সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯;
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৪. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. ড. মো. ফেরদৌস মন্ডল, প্রফেসর ও বিভাগীয় প্রধান, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
১৭. জনাব মো: নুরুজ্জামান, ৩২ লেক সার্কাস, ফ্ল্যাট ক্লাউডিয়াস বি-৪, এনা কিংডম, কলাবাগান, ঢাকা-১২০৫, বীজ বিশেষজ্ঞ;
১৮. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৯. জনাব আলহাজ্ব মো: মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি;
২০. জনাব তালুকদার মো: ইউনুস, বড় কসবা, টরকী বন্দর, মিউনিসিপ্যালিটি, আঁগৈলঝারা, কৃষক প্রতিনিধি;
২১. ড. মো: নজমুল হদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, বশেমুরকুবি, গাজীপুর;
২২. ড. মো: খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কোলিতত্ত্ব সমিতি, বশেমুরকুবি, গাজীপুর;
- ২৩ জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি.;

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
- ০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

**জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৮তম সভার কার্যবিবরণী**

সভাপতি : মো: নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয়  
সভার তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০১৯  
সময় : সকাল ১০.৩০টা  
স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ  
উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি ৯৮তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে আহ্বান জানালে প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৭তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৭-তম সভা ০৯/১০/২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৮/১০/২০১৮ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৭০৩ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ বিষয়ে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** জাতীয় বীজ বোর্ডের ৯৭তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

বিষয়	পূর্ববর্তী সভার সিদ্ধান্ত	আলোচনা ও অগ্রগতি
(২.১) আউশ মৌসুমের জন্য গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর ১টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন।	গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: প্রস্তাবিত আউশ মৌসুমের JD-013 হাইব্রিড ধানের জাতটির ট্রায়ালের বিস্তারিত ফলাফলসহ জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে (দায়িত্ব: বীজ প্রত্যয়ন এজেন্সি)।	<p><b>আলোচনা:</b> ভূগর্ভস্থ পানির উপর চাপ কমাতে আউশের আবাদ বৃদ্ধি করা প্রয়োজন। দেশে আউশ মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের কোনো জাত নেই। গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি:-এর প্রস্তাবিত চীনের China National Seed Group Company Limited (CNSGC) থেকে আমদানিকৃত। জাতটির চাল সরু, গড় জীবনকাল ১১৩দিন এবং গড় ফলন হেক্টর প্রতি ৪.৯মে.টন। চেকজাত ব্রি ধান এর গড় জীবনকাল ১১৫দিন এবং গড় ফলন হেক্টর প্রতি ৪.২মে.টন। জাতটি বরিশাল, খুলনা ও চট্টগ্রাম ৩টি অঞ্চলে আউশ মৌসুমে চাষাবাদের জন্য সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের জন্য কারিগরি কমিটির ৯১তম সভায় সুপারিশ করা হয়েছে।</p> <p><b>সিদ্ধান্ত:</b> কারিগরি কমিটির সুপারিশকৃত গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি:-এর JD-013 হাইব্রিড ধানের জাতটি জিবিকে হাইব্রিড ধান-২ হিসেবে বরিশাল, খুলনা ও চট্টগ্রাম ৩টি অঞ্চলে আউশ মৌসুমের প্রথম হাইব্রিড জাত হিসেবে চাষাবাদের জন্য সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের সুপারিশ করা হলো।</p> <p><b>শর্ত-১:</b> প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর, প্যাকিং এর তারিখ এবং কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে।</p>

		<p>শর্ত-২: যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজারজাত করতে হবে। পরবর্তীতে ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।</p> <p>শর্ত-৩: বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্তে Supplying কোম্পানির সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানির সম্পাদিত MoU ও Port Arrival Report বীজ প্রত্যয়ন এজেন্সি নিকট সরবরাহ করতে হবে।</p> <p>শর্ত-৪: জাতীয় বীজ বোর্ডের ৭৫-তম সভার আলোচ্যসূচি ৫(ঘ)-এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানির নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।</p>
(২.২) ইক্ষুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফরম সংশোধন	<p>বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট আইন পাশ হবার পর ইক্ষুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফরম সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।</p>	<p><b>আলোচনা:</b> ইক্ষু একটি নিয়ন্ত্রিত ফসল। ধান, গম ও আলুর জাত মূল্যায়ন পদ্ধতির সুনির্দিষ্ট গাইডলাইন থাকলেও ইক্ষুর জাত মূল্যায়ন পদ্ধতির সুনির্দিষ্ট গাইডলাইন নেই। কারিগরি কমিটি কর্তৃক ইক্ষুর জাত মূল্যায়নের গাইডলাইন প্রণয়ন করা দরকার।</p> <p><b>সিদ্ধান্ত:</b> কারিগরি কমিটি বিশেষজ্ঞদের নিয়ে একটি উপকমিটি গঠন করে ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়ন করে আগামী ৩ (তিন) মাসের মধ্যে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করবে।</p>
(২.৩) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনা	<p>(১) হাইব্রিড ধান বীজ আমদানি এবং “হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ” এর বর্তমান পদ্ধতিটি সকল অংশীজনের মতামতসহ পর্যালোচনা করে যুগোপযোগী এবং বাস্তবসম্মত করার জন্য চেয়ারম্যান, বিএআরসি’কে আহ্বায়ক ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সিকে সদস্য সচিব করে এবং ব্রি, বারি, বিনা, বিএডিসি, বিএসআরআই, বিজেআরআই, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন ও বেসরকারি সিড কোম্পানির প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি গঠন করতে হবে।</p> <p>(২) কমিটিকে আগামী তিন মাসের মধ্যে বর্তমান পদ্ধতি পর্যালোচনা করে ‘হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি’ এবং হাইব্রিড ধান বীজ আমদানির বিষয়ে দেশের স্বার্থে একটি যুগোপযোগী ও যুক্তিসঙ্গত খসড়া নীতিমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p><b>আলোচনা:</b> হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনার জন্য গঠিত কমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে খসড়া প্রণয়ন করেছে। কমিটির সকল অংশীজনের নিয়ে আরো একটি সভা করবে। তাই সময় বৃদ্ধি করা প্রয়োজন।</p> <p><b>সিদ্ধান্ত:</b> হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির খসড়া প্রণয়নের সময় আরো ১ (এক) মাস বৃদ্ধি করা হলো।</p>

আলোচ্য বিষয় ৩। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এর প্রস্তাবিত আলুর ১টি জাত ছাড়করণ।

আলোচনা	সিদ্ধান্ত
<p>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত লাইনটি আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র (CIP) হতে সংগৃহীত। ক্লোনের মধ্য হতে উৎপাদিত CIP10 লাইনটি উচ্চফলনশীল, দ্রুতবর্ধনশীল ও ভাইরাস রোগ সহনশীল। প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং ৪-৬টি কান্ডবিশিষ্ট। ৯০-৯৫দিনে পরিপক্বতা লাভ করে। আলু খাট ও ডিম্বাকৃতি। আলুর চামড়া হলুদ ও মসৃণ। শাসের রং হালকা হলুদ। চোখ মধ্যম গভীর। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৩৯,৬৬ মে.টন/হেক্টর এবং চেক জাত বারি আলু-৭ (ডায়ামন্ট) এর ফলন ২৮.০১ মে.টন/হেক্টর। মাঠ মূল্যায়ন দল ট্রায়ালকৃত ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে প্রস্তাবিত লাইনকে ছাড়করণের পক্ষে ও ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সি প্রস্তাবিত জাতটির ডিইউএস টেস্ট সম্পাদন করেছে। প্রস্তাবিত আলুর কৌলিক সারি, বারি আলু-৮১ হিসেবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।</p> <p>সভাপতি সভায় উল্লেখ করেন বারি উদ্ভাবিত হেক্টরপ্রতি ৩৫ মে.টনের অধিক ফলনশীল সম্ভাবনাময় আলুর জাতসমূহ কৃষকদের মাঝে জনপ্রিয় করা প্রয়োজন। ধানের মত আলুর উফসী জাত আলাদা করে কৃষকদের মধ্যে প্রচারণা চালানো যেতে পারে। এছাড়া প্রক্রিয়াজাতকরণ শিল্পে ব্যবহার উপযোগী জাত বা খাবার আলুর জাত বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করে প্রচারণা চালানো যেতে পারে। গবেষণা প্রতিষ্ঠানসমূহের জাত উদ্ভাবনের পাশাপাশি সামাজিক গবেষণা করার প্রয়োজন রয়েছে।</p>	<p>(১) কারিগরি কমিটির সুপারিশকৃত প্রস্তাবিত আলুর কৌলিক সারি CIP10, বারি আলু-৮১ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।</p> <p>(২) বারি উদ্ভাবিত অধিক ফলনশীল সম্ভাবনাময় আলুর জাতসমূহ কৃষকদের মাঝে জনপ্রিয় করার জন্য ডিএই এবং বিএডিসিকে সমন্বিতভাবে কাজ করতে হবে।</p>

আলোচ্য বিষয় ৪। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এর প্রস্তাবিত পাটের ১টি জাত ছাড়করণ।

আলোচনা	সিদ্ধান্ত
<p>প্রস্তাবিত জাতটি (বিজেআরআই তোষা পাট-৮) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত। জাতটি দ্রুত বর্ধনশীল ও অধিক ফলনশীল। তোষা পাটের জাত '০-৪(৩-৪)' এর জিনের প্রকাশ (Expression) পরিবর্তন করে প্রস্তাবিত জাতটি উদ্ভাবন করা হয়েছে। গাছ লম্বা, গাঢ় মসৃণ ও দ্রুত বর্ধনশীল। পাটের চেকজাত '০-৭৪৭৭' জাতের চেয়ে দ্রুত বৃদ্ধি পায়। জাতটি ২০১৮-১৯ মৌসুমে ঢাকা, খুলনা ও রংপুরসহ ৩টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১২টি স্থানে প্রস্তাবিত জাতের গড় পপুলেশন ৩.৯ লক্ষ/হেক্টর উচ্চতা ৩.১ মিটার, বেসাল ডায়ামিটার ১২.৭৪ মি.মি; চেকজাতের গড় পপুলেশন ৩.৫৮ লক্ষ/হেক্টর, গাছের উচ্চতা ২.৭৪ মিটার, ব্যাসাল ডায়ামিটার ১১.১৬ মি.মি। বিভিন্ন পদ্ধতি অনুযায়ী বীজ উৎপাদনের জন্য ১২০-১৪০দিন পর্যন্ত সময় লাগে। প্রতি শতক জমিতে নাবী বীজ উৎপাদন পদ্ধতিতে ৩-৪ কেজি, কাটিং বা ডগা রোপন পদ্ধতিতে ২-৩ কেজি এবং চারা রোপন পদ্ধতিতে ২-৩ কেজি বীজ উৎপাদন করা যায়। মাঠ মূল্যায়ন দল ট্রায়ালকৃত ১২টি স্থানের মধ্যে ১২টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে সুপারিশ করেছে। বীজ প্রত্যয়ন এজেন্সি ডিইউএস টেস্ট সম্পাদন করেছে। বিজেআরআই-এর তথ্য অনুযায়ী প্রস্তাবিত জাতের ফলন ভারত হতে আমদানিকৃত জেআরও-৫২৪ এর চেয়ে ২০-২৪% বেশি।</p> <p>প্রস্তাবিত রবি-১ জাতটি 'বিজেআরআই তোষা পাট-৮' হিসেবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।</p>	<p>(১) কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে প্রস্তাবিত রবি-১ জাতটি 'বিজেআরআই তোষা পাট-৮' হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।</p> <p>(২) কারিগরি কমিটি বিশেষজ্ঞদের নিয়ে একটি উপকমিটি গঠন করে পাটের জাত ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়ন করে আগামী ৩ (তিন) মাসের মধ্যে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করবে।</p> <p>(৩) পাটের গোড়া পঁচা রোগ বা ডাইব্যাক রোগ প্রতিরোধ/প্রতিকারে করণীয় বিষয়ে বিজেআরআই কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, বুকলেট ও লিফলেট বিতরণ করবে।</p>

আলোচ্য বিষয় ৫। আসন্ন ২০১৯-২০ মৌসুমে পাট বীজ আমদানির পরিমাণ নির্ধারণ।

আলোচনা	সিদ্ধান্ত
<p>পাট একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। সরকারের পাটবান্ধব নীতি ও কর্মসূচী গ্রহণের ফলে পাট চাষিরা বর্তমানে পাটের ন্যায্যমূল্য পাচ্ছে এবং পাট চাষে দিন দিন আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। পাট ও পাট জাতীয় (মেস্তা ও কেনাফ) বীজ আইন অনুযায়ী নিয়ন্ত্রিত ফসল। কৃষকের চাহিদার প্রতি লক্ষ রেখে প্রতি বছর জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্তের আলোকে ভারত হতে পাট বীজ আমদানির পরিমাণ নির্ধারণ করা হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে আসন্ন ২০১৯-২০ উৎপাদন মৌসুমে প্রায় ৬.৬৭ লক্ষ হেক্টর জমিতে পাট, মেস্তা ও কেনাফ ফসল চাষ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আসন্ন মৌসুমে বিএডিসি'র নিকট সরবরাহযোগ্য মোট ৭৩৮.২৩৩ মে.টন বীজ রয়েছে।</p>	<p>কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে পাট ও মেস্তা/কেনাফ বীজ আমদানির বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১। প্রচলিত নিয়মানুযায়ী বেসরকারি পর্যায়ে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়িত মানের ৫,৪২৫ (পাঁচ হাজার চারশত পচিশ) মে.টন তোষা পাটবীজ এবং ১,৩০০ (এক হাজার তিনশত) মে.টন মেস্তা/কেনাফ বীজ আমদানির অনুমোদন দেয়া হলো।</p> <p>২। উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই গত মৌসুমে পাটবীজ আমদানিকারকদের আমদানির পরিমাণ, বিক্রিত এবং অবিক্রিত বীজের পরিমাণের তথ্য সংগ্রহ করে চলতি মৌসুমে আমদানিকারকদের আবেদনের ভিত্তিতে পূর্ববর্তী বছরের ন্যায় আমদানির অনুমতিপত্র (আইপি) ইস্যু করবে।</p>

আলোচ্য বিষয় ৬। কারিগরি কমিটি পুনর্গঠন।


আলোচনা	সিদ্ধান্ত																																												
<p>'বীজ আইন, ২০১৮' এর ধারা ৬ মোতাবেক জাতীয় বীজ বোর্ডের অধীনে কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য 'কারিগরি কমিটি' পুনর্গঠনের প্রয়োজন। ইতোপূর্বে জাতীয় বীজ বোর্ডের অনুমোদিত ১৫ সদস্য বিশিষ্ট 'কারিগরি কমিটি' বর্তমানে কার্যকর রয়েছে (পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)। কমিটি পুনর্গঠনের জন্য সিড রেগুলেটরি রিফর্ম কমিটির সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। বিষয়টি বীজ বোর্ডের কার্যাবলি সংশ্লিষ্ট বিধায় পুরাতন কমিটি বিলুপ্ত করে নতুনভাবে কমিটি পুনর্গঠন এবং এর কার্যপরিধি নিম্নোক্তভাবে নির্ধারণ করার জন্য প্রস্তাব উপস্থাপন করা হলো।</p>	<p>কারিগরি কমিটি এবং এর কার্যপরিধি নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো।</p> <p>০১। কারিগরি কমিটি:</p> <table border="0"> <tr> <td>(১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;</td> <td>সভাপতি</td> </tr> <tr> <td>(২) অধ্যাপক ড. লুৎফুল হাসান/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৩) অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া/ প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৪) অধ্যাপক ড. নাসরিন আক্তার আইডি/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৫) সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৬) মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৭) পরিচালক (সেরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৮) পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(৯) পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১০) পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১১) পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১২) পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৩) পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৪) পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৫) প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৬) অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৭) কটন এগ্রোনমিস্ট/প্রতিনিধি, তুলা উন্নয়ন বোর্ড</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৮) বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(১৯) সভাপতি/প্রতিনিধি, বাংলাদেশ সোসাইটি অব সিড টেকনোলজি;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(২০) সভাপতি/ প্রতিনিধি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(২১) কৃষক প্রতিনিধি ১জন;</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>(২২) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি।</td> <td>সদস্যসচিব</td> </tr> </table>	(১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;	সভাপতি	(২) অধ্যাপক ড. লুৎফুল হাসান/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়;	সদস্য	(৩) অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া/ প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়;	সদস্য	(৪) অধ্যাপক ড. নাসরিন আক্তার আইডি/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;	সদস্য	(৫) সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;	সদস্য	(৬) মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;	সদস্য	(৭) পরিচালক (সেরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;	সদস্য	(৮) পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;	সদস্য	(৯) পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;	সদস্য	(১০) পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট;	সদস্য	(১১) পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট;	সদস্য	(১২) পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট;	সদস্য	(১৩) পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট;	সদস্য	(১৪) পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট;	সদস্য	(১৫) প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়;	সদস্য	(১৬) অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি;	সদস্য	(১৭) কটন এগ্রোনমিস্ট/প্রতিনিধি, তুলা উন্নয়ন বোর্ড	সদস্য	(১৮) বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি;	সদস্য	(১৯) সভাপতি/প্রতিনিধি, বাংলাদেশ সোসাইটি অব সিড টেকনোলজি;	সদস্য	(২০) সভাপতি/ প্রতিনিধি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি;	সদস্য	(২১) কৃষক প্রতিনিধি ১জন;	সদস্য	(২২) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি।	সদস্যসচিব
(১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;	সভাপতি																																												
(২) অধ্যাপক ড. লুৎফুল হাসান/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়;	সদস্য																																												
(৩) অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া/ প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়;	সদস্য																																												
(৪) অধ্যাপক ড. নাসরিন আক্তার আইডি/প্রতিনিধি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;	সদস্য																																												
(৫) সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;	সদস্য																																												
(৬) মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;	সদস্য																																												
(৭) পরিচালক (সেরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;	সদস্য																																												
(৮) পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;	সদস্য																																												
(৯) পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;	সদস্য																																												
(১০) পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট;	সদস্য																																												
(১১) পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট;	সদস্য																																												
(১২) পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট;	সদস্য																																												
(১৩) পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট;	সদস্য																																												
(১৪) পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট;	সদস্য																																												
(১৫) প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়;	সদস্য																																												
(১৬) অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সি;	সদস্য																																												
(১৭) কটন এগ্রোনমিস্ট/প্রতিনিধি, তুলা উন্নয়ন বোর্ড	সদস্য																																												
(১৮) বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি;	সদস্য																																												
(১৯) সভাপতি/প্রতিনিধি, বাংলাদেশ সোসাইটি অব সিড টেকনোলজি;	সদস্য																																												
(২০) সভাপতি/ প্রতিনিধি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি;	সদস্য																																												
(২১) কৃষক প্রতিনিধি ১জন;	সদস্য																																												
(২২) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি।	সদস্যসচিব																																												

আলোচনা	সিদ্ধান্ত
	<p>০২। এই কমিটি প্রয়োজনে অন্য কাউকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে;</p> <p>এই কমিটির কার্যপরিধি নিম্নরূপ:</p> <p>(ক) বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্ভাবিত/আমদানিকৃত নিয়ন্ত্রিত ফসলের নতুন জাত নির্ধারিত পদ্ধতি অনুযায়ী মূল্যায়ন করে ফসলের জাত ছাড়করণ, নিবন্ধন এবং এ সম্পর্কিত যাবতীয় বিষয়ে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য সুপারিশ করা;</p> <p>(খ) নিয়ন্ত্রিত ফসলের জাত ছাড়করণ ও নিবন্ধনের জন্য গাইডলাইন প্রণয়ন, সংশোধন ও পরিবর্তন এবং অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ প্রদান;</p> <p>(গ) দেশের বিদ্যমান নিয়ন্ত্রিত ফসলের ছাড়কৃত ও নিবন্ধিত জাতের ডিনোটিফিকেশন জন্য প্রয়োজনীয় পরীক্ষা করা এবং ডিনোটিফিকেশন জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ প্রদান;</p> <p>(ঘ) ফসলের জাত পরীক্ষার জন্য মাঠ মূল্যায়ন দল গঠনের প্রস্তাব জাতীয় বীজ বোর্ডে প্রেরণ এবং মাঠ মূল্যায়ন দলের কাজ তদারকি এবং প্রতিবেদন যাচাই;</p> <p>(ঙ) কোনো ফসল বা জাতের চাষাবাদে রোগ অথবা পোকামাকড়ের প্রাদুর্ভাব ও দেশের জন্য ক্ষতিকারক ফসল বা জাতের চাষাবাদ না করার সুপারিশ প্রদান;</p> <p>(চ) ফসলের গবেষণা ও জাত সংরক্ষণের বিষয়ে বীজ বোর্ডকে পরামর্শ প্রদান;</p> <p>(ছ) সম্ভাবনাময় ফসল বা জাতের চাষাবাদ বৃদ্ধিতে জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান;</p> <p>(জ) জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্তের আলোকে অর্পিত অন্যান্য দায়িত্ব।</p>

আলোচ্য বিষয় ৭। ভুট্টা ফসলকে নিয়ন্ত্রিত ফসল হিসাবে ঘোষণা।

আলোচনা	সিদ্ধান্ত
<p>দেশে ভুট্টা চাষাবাদ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। হেক্টর প্রতি ফলনের দিক থেকে ভুট্টার স্থান দানাশস্যগুলোর মধ্যে প্রথম। বর্তমানে আবাদি এলাকা ও মোট উৎপাদনের দিক থেকে এটি ধান ও গমের পরই অবস্থান করছে। ভুট্টা এখন প্রায় শতকরা একশত ভাগই হাইব্রিড জাত আবাদ করা হচ্ছে। বিভিন্ন শিল্পে ভুট্টার ব্যবহার বৃদ্ধি পেয়েছে। কাজেই ভুট্টাকে নিয়ন্ত্রিত ফসল হিসাবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় ভুট্টা ফসলকে নিয়ন্ত্রিত ফসল হিসাবে ঘোষণা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে।</p>

পরিশেষে, সভাপতি নতুন অবমুক্ত আলু ও পাটের জাত এবং নিবন্ধিত আউশের হাইব্রিড জাত কৃষক পর্যায়ে দ্রুত সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 মো: নাসিরুদ্দীন  
 সচিব  
 কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
www.moa.gov.bd

জাতীয় বীজ বোর্ডের ৯৮তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা

বিষয় : জাতীয় বীজ বোর্ডের ৯৮তম সভা  
তারিখ : ২৪-০২-২০১৯ খ্রি:, সময় : সকাল ১০.৩০ টা  
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়  
সভাপতি : সচিব, কৃষি মন্ত্রণালয়

ক্র: নং	বীজ বোর্ডের সদস্যের নাম	পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১	ডাঃ মোঃ হুমায়ুন কবীর	চেয়ারম্যান বীজ বোর্ড	০১৮১৪৫২০৬৬৩	
২	ডাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সচিব (বীজ)	০১৭১৫০৪৭৫৫৫	
৩	ডাঃ মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সচিব (স্বাস্থ্য ও নিরাপত্তা)	০১৫৫২-৩৭৬২৭৩	
৪	ড. মোঃ হুমায়ুন কবীর	নির্বাহী সিনিয়র সচিব	০১৭৫৫৬৬৬২৫	
৫	শ্রীঃ মুকুন্দ কুমার	সিনিয়র সচিব বীজ	০১৭ ৫৫৫৫৭৭২৫	
৬	শ্রীঃ হুমায়ুন কবীর	সিনিয়র সচিব স্বাস্থ্য	০১৭২০৬৭২৫৬৫	
৭	ড. হুমায়ুন কবীর	সিনিয়র সচিব বীজ	০১৭১৫১৭২৫৪৬	
৮	ড. হুমায়ুন কবীর	সিনিয়র সচিব বীজ	০১৭১৫৪৪২২৭৪	
৯	ড. মোঃ হুমায়ুন কবীর	সিনিয়র সচিব বীজ	০১৭০৭০৭৭০৫২	
১০	ডাঃ হুমায়ুন কবীর	সিনিয়র সচিব বীজ	০১৭১৩০৪২১১২	
১১	শ্রীঃ মুকুন্দ কুমার	সিনিয়র সচিব স্বাস্থ্য	০১৭১৬৪২১৬৩১	
১২	ডাঃ মোঃ হুমায়ুন কবীর	নির্বাহী সিনিয়র সচিব	০১৭১১০২০৭৭৫	

126

20	OMAR AL FAROOQ	BSA FC Members	01711-342476	Farooq
28	ড. মো: আশরাফ আলী	সচিব (সিঃ) স্বৈচ্ছাসেবক সংস্থা টি ৬২-	01718630971	[Signature]
28	[Signature]	অতি: সচিব সিঃ সিস্টেম	01712218832	[Signature]
26	ড. মো: আশরাফ আলী	সচিব (সিঃ) স্বৈচ্ছাসেবক	01712280083	[Signature]
29	ড. মো: আশরাফ আলী	সচিব (সিঃ) স্বৈচ্ছাসেবক	01715248698	[Signature] 24.2.19
26	[Signature]	সচিব (সিঃ) স্বৈচ্ছাসেবক	01711521630	[Signature] 24.2.2019
20	[Signature]	সচিব (সিঃ) স্বৈচ্ছাসেবক	01711564050	[Signature]
20	Md. Shahjahan	Advisor Bangladesh Seed Association (BSA)	01730013391 alliedmsabi@yahoo.com	[Signature] 24/2/2019
22	ড. মো: আশরাফ আলী	President, Genetic Plant Breeding Society	01711-283982 k.bashar@cgiaa.org	[Signature] 24/2/19
22	ড. মো: আশরাফ আলী	সচিব (সিঃ) স্বৈচ্ছাসেবক	01716940311 dfaw@dae.gov.bd	[Signature] 28/2/19
26				
28				
28				
26				
29				